# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

**For Procurement of Goods"**
(Request for Quotation Method)

**আরএফকিউ নং-২১/২০২৩-২০২৪**

## গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

কারারগাতী, গোপালগঞ্জ।

"গোপালগঞ্জ পবিসের সদর দপ্তরের মূল অফিস ভবন ও ভিতরের সিড়িঁ রুমসহ, ভিআইপি রেস্ট হাউজ, সি-টাইপ ভবন এবং ডি-টাইপ ভবনের বাইরের দেওয়াল রং করণের (ওয়েদার কোট) নিমিত্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFQ)"

---

**প্রশাসন বিভাগ**
**গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**
**কারারগাতী, গোপালগঞ্জ।**

............................................

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

শেখ হাসিনার উদ্যোগ

# গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি


কারারগাতী, গোপালগঞ্জ।

টেলিফোন নং-০২৬৬৮৫৭১৪, ০২৬৬৮৫৫৭৮

E-mail:gopalganjpbs@gmail.com

Web site: www. pbs.gopalganj.gov.bd


ISO-9001:2015 Certified
(QMS) certified

---

স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০৩৮.২৩. ৪২৪২ তারিখঃ ২১ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ।
০৬ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

(মূল অফিস ভবন ও ভিতরের সিড়িঁ রুমসহ, ভিআইপি রেস্ট হাউজ, সি-টাইপ ভবন এবং ডি-টাইপ ভবনের বাইরের দেওয়াল রং করণের (ওয়েদার কোট) ও স্কেটিং রং করনের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)"

প্রতি,

------------------------------------------------

১. গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর জন্য ভবনের (মূল অফিস ভবন ও ভিতরের সিড়িঁ রুমসহ, ভিআইপি রেস্ট হাউজ, সি-টাইপ ভবন এবং ডি-টাইপ ভবন) বাইরের দেওয়াল ওয়েদার কোট ও স্কেটিং রং করনের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে পবিস তহবিলের আওতায় সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ বাংলাদেশের প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবানকরা যাচ্ছে।

২. ভবন রং করণে ইচ্ছুক সকল দরদাতা প্রতিষ্ঠানকে সরেজমিনে ভবন সমূহ নমুনা পরিদর্শন পূর্বক দর দাখিলের জন্য আহবান করা যাচ্ছে।

৩. এতদসঙ্গে সংযুক্ত "কোটেশন দলিল" ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট **www. pbs.gopalganj.gov.bd** হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে **ক) জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে প্রশিক্ষণ একাডেমী ভবনের নীচ তলা বিদ্যমান অভ্যর্থনা কেন্দ্রে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।**

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী **১৩-১১-২০২৩** খ্রিঃ তারিখ এবং সময় বেলা **১১:০০** ঘটিকার মধ্যে কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে " ভবন (মূল অফিস ভবন, ভিআইপি রেস্ট হাউজ, সি-টাইপ ভবন এবং ডি-টাইপ ভবন) ওয়েদার কোট ও স্কেটিং রং করনের **কোটেশন উল্লেখ করতে হবে" এবং "আগামী ১৩-১১-২০২৩ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না"** লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমূহ ১৩-১১-২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট **www. pbs.gopalganj.gov.bd** এ দেখা যাবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. বর্নিত কাজের জন্য ভবন, ওয়াল ও সিলিং শিরিষ কাগজ দ্বারা ঘষে পুরাতন রং/চুন/শেওলা ইত্যাদি সম্পূর্ণ উঠিয়ে পরিষ্কার করতে হবে। পবিস প্রতিনিধির তত্ত্বাবধানে প্রথম কোট দেওয়ার পর পবিস প্রতিনিধির নির্দেশনা মোতাবেক দ্বিতীয় কোট দিতে হবে। সমস্ত কাজ পবিসের প্রতিনিধির নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে হবে।

১০. দেয়ালে ওয়েদার কোট করতে **বার্জার/এশিয়ান/নেরোল্যাক** পেইন্টস কোম্পানীর **অফ-হোয়াইট** রং এর গুনগত মান সম্পন্ন ওয়েদার কোট ব্যবহার করতে হবে এবং উল্লেখিত প্রতিষ্ঠানের স্থানীয় এজেন্ট এর নিকট হতে অত্র পবিসের প্রতিনিধির উপস্থিতিতে গুনগতমান সম্পন্ন মালামাল ক্রয় করতে হবে। রং করণের সময় যদি দেয়ালে কোন ফাটল বা গর্ত দেখা যায় তবে তা ভালোভাবে সিলিং করে রং লাগাতে হবে। বর্নিত ভবন সমূহের নিচের অংশ **কালো রং এর এনামেল পেইন্ট (বার্জার/এশিয়ান/ নেরোল্যাক)** দিয়ে স্কেটিং সম্পন্ন করতে হবে।

১১। বর্ণিত কাজের জন্য প্রয়োজনীয় বাঁশ, রশি, ড্রাম ও ব্রাশ ইত্যাদি যাবতীয় উপকরন কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে সরবরাহ করতে হবে।

১২। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ওয়েদারকোট কাজ করার সময় শ্রমিকের নিরাপত্তার বিষয়ে সকল দায়-দায়িত্ব বহণ করতে হবে।

১৩। ওয়েদারকোট কাজ করার সময় কোন প্রকার রং ছড়িয়ে ছিটিয়ে থাকলে (দরজা, জানালা ও গ্লাস) নিজ দায়িত্বে অপসারণ করতে হবে। এছাড়া ভবনের কোন লেখা মুছে ফেললে তা নিজ দায়িত্বে লিখে দিতে হবে।

১৪। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল হতে ১০% নিরাপত্তা জামানত কর্তন করা হবে। ওয়েদার কোট ও স্কেটিংকরণে কোন আপত্তি/ক্রুটি পরিলক্ষিত না হলে ০৬ (ছয়) মাস পর তা ফেরত প্রদান করা হবে।

১৫. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১৬. কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক কার্যসম্পাদন করার পর পরিদর্শণ কমিটির সুপারিশের প্রেক্ষিতে চালান ও বিল দাখিল স্বাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। বিল হতে সরকারি নিয়ম অনুযায়ী উৎস কর, আয়কর ও অনান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১৭. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৮. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ **হালনাগাদ (বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ) দাখিল করতে হবে।** এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৯. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

২০. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গানিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

২১. কার্যাদেশ জারীর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

২২. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

২৩. গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ জুলফিকার রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (প্রযোজ্য ক্ষেত্রে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।
০৪। উপ-পরিচালক,সিপিটিইউ, ঢাকা(বিজ্ঞপ্তিটি সিপিটিইউ এর ওয়েবসাইটে প্রকাশ করার ব্যবস্থা গ্রহন করার অনুরোধ করা হলো।)
০৫। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
০৬। পুলিশ সুপার, গোপালগঞ্জ।
০৭। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড/ এলজিইডি/ সড়ক ও জনপথ, গোপালগঞ্জ।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ................................. পবিস-১/২/৩/৪।
০৯। ডিজিএম, সদর-কারিগরী/মুকসুদপুর/কাশিয়ানী/কোটালীপাড়া/টুঙ্গিপাড়া জোনাল অফিস, গোপালগঞ্জ পবিস।
১০। এজিএম (ওএন্ডএম),টেকেরহাট/রামদিয়া সাব-জোনাল অফিস, গোপালগঞ্জ পবিস।
১১। এজিএম (অর্থ/প্রশাসন/ওএন্ডএম),গোপালগঞ্জ পবিস।
১২। এজিএম (আইটি), গোপালগঞ্জ পবিস। (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
১৩। মেসার্স .................................................................।
১৪। নোটিশ বোর্ড, গোপালগঞ্জ পবিস।

(মোঃ জুলফিকার রহমান)
জেনারেল ম্যানেজার

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০৩৮.২৩.৪২৪২, (২১/২০২৩-২০২৪), তারিখঃ ০৬-১১-২০২৩ খ্রিঃ।

প্রতি,
জেনারেল ম্যানেজার
গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
কারারগাতী, গোপালগঞ্জ।

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে " ভবনের ((মূল অফিস ভবন ও ভিতরের সিড়িঁ রুমসহ, ভিআইপি রেস্ট হাউজ, সি-টাইপ ভবন এবং ডি-টাইপ ভবন) বাইরের দেওয়ালে **(বার্জার/এশিয়ান/নেরোল্যাক) অফ-হোয়াইট** ওয়েদার কোট ও **কালো রং এর এনামেল পেইন্ট এর স্কেটিং** করনের জন্য প্রস্তাব করছি।

আমার /আমাদের কোটেশনের মোট মূল্য------------------------------ কথায়-------------------------------------------

আমার /আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বর্ধিত থাকবে এবং আমি/আমরা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোন সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার /আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ এছাড়াও আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছে এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমার /আমরা কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি / আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ০৬-১১-২০২৩ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (RFQ) দলিল পত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর
তারিখ:

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসিল

কোটেশনের স্মারক নম্বর: ২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০৩৮.২৩.৪২৪২(২১/২০২৩-২০২৪), তারিখঃ ০৬-১১-২০২৩ খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | রং করণের স্থান | মোট পরিমাণ বর্গ ফুট | একক দর/মূল্য অংকে | একক দর/মূল্য কথায় | মোট মূল্য অংকে | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ০১ | পেইন্টিং-০১ | ভবনসমূহের বর্হিরাংশ (মূল অফিস ভবন এর ভিতরের সিঁড়ি রুমসহ, ভিআইপি রেস্ট হাউজ, সি টাইপ ভবন এবং ডি টাইপ ভবন) পুরাতন ওয়েদার কোট ও শ্যাওলা স্টীল/তারের ব্রাশ, স্ক্রাপ ও সিরিজ কাগজ দ্বারা ভালোভাবে পরিষ্কার করে পানিদ্বারা ধৌত করতে হবে। ভালোভাবে পূর্বের চুনকাম/ওয়েদারকোট অপসারণ হয়েছে কি না তা কর্তৃপক্ষকে দেখানোর পর সন্তোষজনক বলে মতামত প্রদানের পর ১ম কোট **বার্জার/এশিয়ান/নেরোল্যাক** কোম্পানীর **অফ-হোয়াইট** পেইন্টস এর কর্তৃপক্ষের নির্দেশিত রং দ্বারা ওয়েদার কোট করতে হবে। পর্যায়ক্রমে ২য় কোট এবং উন্নতমানের **কালো এনামেল পেইন্ট দ্বারা স্কেটিং** করতে হবে। | মূল অফিস ভবন (বাইরের ওয়াল, ভিতরের সিঁড়ি রুমসহ ও স্কাটিং) | ১২৭৩২ | | | | গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর। |
| ০২ | | | ভিআইপি রেস্ট হাউজ ভবন (বাইরের ওয়াল ও স্কাটিং) | ৪৭১৬ | | | | |
| ০৩ | | | সি টাইপ ভবন (বাইরের ওয়াল ও স্কাটিং) | ২০৬৫ | | | | |
| ০৪ | | | ডি-টাইপ ভবন (বাইরের ওয়াল ও স্কাটিং) | ৮২৫৩ | | | | |
| | | | সর্বমোট= | ২৭৭৬৬ | | | | |
| | | সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ: নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | অংকে<br>কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারাগাতী, গোপালগঞ্জ। |
| মোট মূল্য টাকায় | উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য |
| (কথায়) | মোট মূল্য ------------------------------------------------------------ |
| প্রস্তাবিত সরবরাহ | কার্যাদেশ জারির তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে। |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | প্রযোজ্য নয়। |

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের -------------------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।
আমি/আমাদের প্রস্তাব --------/-------/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | |
| কোটেশন দাতার নাম | তারিখ: |

টীকা:

১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭, ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | | (৪) | (৫) | (৬) |
| ০১ | | মূল অফিস ভবন (বাইরের ওয়াল, ভিতরের সিঁড়ি রুমসহ ও স্কাটিং) | ১২৭৩২ বর্গফুট | ভবনসমূহের বর্হিরাংশ (মূল অফিস ভবন এর ভিতরের সিঁড়ি রুমসহ, ভিআইপি রেস্ট হাউজ, সি-টাইপ ভবন এবং ডি-টাইপ ভবন) পুরাতন ওয়েদার কোট ও শ্যাওলা স্টীল/তারের ব্রাশ, স্ক্রাপ ও সিরিজ কাগজ দ্বারা ভালোভাবে পরিষ্কার করে পানিদ্বারা ধৌত করতে হবে। ভালোভাবে পূর্বের চুনকাম/ওয়েদারকোট অপসারণ হয়েছে কি না তা কর্তৃপক্ষকে দেখানোর পর সন্তোষজনক বলে মতামত প্রদানের পর ১ম কোট **বার্জার/এশিয়ান/নেরোল্যাক** কোম্পানীর **অফ-হোয়াইট** পেইন্টস এর কর্তৃপক্ষের নির্দেশিত রং দ্বারা ওয়েদার কোট করতে হবে। পর্যায়ক্রমে ২য় কোট এবং উন্নতমানের **কালো এনামেল পেইন্ট দ্বারা স্কেটিং** করতে হবে। | | |
| ০২ | | ভিআইপি রেস্ট হাউজ ভবন (বাইরের ওয়াল ও স্কাটিং) | ৪৭১৬ বর্গফুট | | | |
| ০৩ | প্রযোজ্য নয় | সি-টাইপ ভবন (বাইরের ওয়াল ও স্কাটিং) | ২০৬৫ বর্গফুট | | | |
| ০৪ | | ডি-টাইপ ভবন (বাইরের ওয়াল ও স্কাটিং) | ৮২৫৩ বর্গফুট | | | |

আমি /আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন দাতার নাম | |

**টীকাঃ**

১. কলাম ১,২,৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারী প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগীতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগীতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একই সঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অর্ন্তভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবিশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।

স্মারক নং- ২৭.১২.৩৫৩২.৫৫৫.০১.০৩৮.২৩ ........................,    তারিখঃ..................

" ভবন (মূল অফিস ভবন ও ভিতরের সিড়িঁ রুমসহ, ভিআইপি রেস্ট হাউজ, সি-টাইপ ভবন এবং ডি টাইপ ভবন) ওয়েদার কোট ও স্কেটিং রং করনের জন্য কার্যাদেশ

| | |
|---|---|
| কোটেশন নম্বর ২১/২০২৩-২০২৪<br>প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা]<br>------------------------------------<br>সরবাহের তারিখ:-------------------------------------------- | তারিখ:<br><br><br><br>ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা------------------------------ |

**সরবরাহ : শর্তানুযায়ী**

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী -------------------তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবা সমূহ কারিগরী বিনিদের্শ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

**ক্রয়াদেশকৃত পণ্যসমূহ**

পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।

আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের(সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।

শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।

ক্রেতার জন্য:

নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর

তারিখ:

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক।

## পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী:

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয় আদেশ জারি হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীন নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ায় অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীনে সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করতে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক,লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে--------------------------কথায়-----------------------------------------------।

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ প্রযোজ্য নয়।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধ্যকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোনো কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়বদ্ধ রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি সময়সীমার ভিতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যে ক্ষতি হলে সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবারহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন: যদি সরবরবাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগীতায় বা সরবরাহ হতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি , প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধ্যকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মীমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারনা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| | সরবরাহকারীর জন্য |
| (মোঃ জুলফিকার রহমান)<br>জেনারেল ম্যানেজার<br>গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ: | তারিখ: |